

Mobile Financial Services



১. মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস কি?

উত্তর : মোবাইল ফিনান্সিয়াল সার্ভিসেস হচ্ছে মোবাইল ফোনের মাধ্যমে অর্থ লেনদেন সেবা। সংক্ষেপে একে MFS বলা হয়।

২. MFS হিসাব কি? এই সেবার সুবিধা কী?

উত্তর : মোবাইল নম্বরের বিপরীতে অর্থ লেনদেনের জন্য যে একাউন্ট খোলা হয় তাই MFS হিসাব, যেখানে গ্রাহকের টাকা ইলেকট্রনিক উপায়ে জমা থাকে। এই সেবার মাধ্যমে নিজের MFS একাউন্টে নগদ টাকা জমা করা যায়। নিজের একাউন্ট হতে অন্যের MFS একাউন্টে টাকা পাঠানো যায়। MFS একাউন্টে জমানো টাকা দিয়ে যে কোন পণ্য ও সেবা কেনাকাটা করা যায়; বিদ্যুৎ গ্যাস পানির বিল, টিউশান ফি ইত্যাদি পরিশোধ করা যায় এবং প্রয়োজনে MFS একাউন্টে জমাকৃত টাকা তোলা যায়।

৩. MFS একাউন্ট খোলার জন্য কী কী কাগজ পত্র দরকার?

উত্তর : MFS একাউন্ট খোলার জন্য একটি রেজিস্টার্ড চালু বায়োমেট্রিক সিম, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও গ্রাহকের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি দরকার।

৪. কোথায় MFS একাউন্ট খোলা যায় ?

উত্তর : MFS সেবাদানকারীর এজেন্ট এর কাছে প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে উপস্থিত হয়ে একাউন্ট খোলা যায়। একাউন্ট খোলার সময় গ্রাহক-কে একটি ফরম পূরণ করতে হবে।

৫. এক ব্যক্তি কি একাধিক MFS একাউন্ট খুলতে পারেন?

উত্তর : এক ব্যক্তি প্রত্যেক MFS সেবাদানকারীর সাথে একটি করে MFS একাউন্ট খুলতে পারেন। তবে একজন গ্রাহক একই সেবাদানকারী প্রতিষ্ঠানে একাধিক MFS একাউন্ট খুলতে পারবেন না।

৬. কারা এই সেবা পেতে পারে?

উত্তর : দেশের যে কোন প্রাঙ্গবয়স্ক (১৮ বছর বা তার চাইতে বেশী বয়সের) নাগরিক MFS সেবাদানকারী ব্যাংক বা তাদের এজেন্টদের মাধ্যমে MFS একাউন্ট খুলে এই সেবা পেতে পারেন।

৭. কারা এই সেবা দিচ্ছে ?

উত্তর : ১৬টি ব্যাংক এবং ব্র্যাক ব্যাংকের সাবসিডিয়ারী প্রতিষ্ঠান বিকাশ বর্তমানে এই সেবা দিচ্ছে।

৮. মোবাইল একাউন্টে লেনদেনের জন্য স্মার্টফোন দরকার হয় কি ?

উত্তর : মোবাইল একাউন্ট খোলা বা লেনদেনের জন্য স্মার্ট ফোনের দরকার নেই। সাধারণ মোবাইল (ফিচার) ফোনে এই সেবা পাওয়া যায়।

৯. MFS একাউন্টে কি বিদেশ হতে আসা রেমিটেন্সের অর্থ জমা করা যায়?

উত্তর : ব্যাংকের মাধ্যমে বিদেশ হতে আসা রেমিটেন্সের অর্থ বাংলাদেশি টাকায় MFS একাউন্টে জমা করা যায়।

১০. একজন গ্রাহক MFS হিসাবে কত টাকা রাখতে পারেন ও লেনদেন করতে পারেন ?

উত্তর : একজন গ্রাহক MFS একাউন্টে দিনে সর্বোচ্চ ৫০০০০/- এবং মাসে সর্বোচ্চ ২৫০০০০/- টাকা জমা দিতে পারেন। তিনি MFS একাউন্টে হতে দিনে সর্বোচ্চ ৫০০০০০/- এবং মাসে সর্বোচ্চ ২৫,০০০০/- টাকা জমা করতে পারেন। আবার তিনি নিজের MFS একাউন্ট হতে দিনে ২৫,০০০/- ও মাসে সর্বোচ্চ ৭৫,০০০/- টাকা অন্য গ্রাহকের MFS একাউন্টে ট্রান্সফার করতে (P2P) পারবেন। একজন ব্যক্তি তাঁর MFS একাউন্টে সর্বোচ্চ ৩,০০,০০০ টাকা ব্যালেন্স রাখতে পারেন।

১১. MFS সেবার ক্ষেত্রে কোন অভিযোগ থাকলে গ্রাহক কোথায় যোগাযোগ করবে?

উত্তর : MFS সেবার বিষয়ে কোন অভিযোগ থাকলে গ্রাহক সেটা সংশ্লিষ্ট MFS সেবাদানকারীকে অবহিত করবে এবং সংশ্লিষ্ট সেবাদানকারী দ্রুতম সময়ে বিষয়টি নিষ্পত্তি করবে। কাঞ্চিত সময়ের মধ্যে অভিযোগের নিষ্পত্তি না হলে গ্রাহক বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্টে ১৬২৩৬ নম্বরে ফোন করে অভিযোগ দায়ের করতে পারেন।